গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বরগুনা সদর, বরগুনা
www.sadar.barguna.gov.bd

**আসন্ন শারদীয় দুর্গা পূজা, ২০২৩ উদযাপন উপলক্ষে আইন-শৃঙ্খলা সম্পর্কিত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শামীম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা |
| সভার তারিখ | : | ০৯ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

**উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর দুর্গাপূজা উপলক্ষে ইতোপূর্বে গৃহীত কার্যক্রমের বিষয়গুলো সকলকে পাঠ করে শোনানো হয় এবং আসন্ন দুর্গাপূজা সুষ্ঠু-সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপস্থিত সকলের মতামত আহ্বান করা হয়।

বিগত বছর গুলোতে হিন্দুধর্মীয় উৎসব দুর্গাপূজা সুন্দরভাবে উদযাপন নিশ্চিতকল্পে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জসহ সকল ইউপি চেয়ারম্যান সার্বিক সহযোগিতা করেছেন। সে জন্য উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, ইউপি চেয়ারম্যানসহ উপজেলাবাসীকে তিনি ধন্যবাদ জানান। প্রতিবছরের ন্যায় পূজামন্ডপ গুলোতে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা, যে সকল রাস্তায় পূজার কারণে দর্শনার্থীদের ভিড় হয় সে সমস্ত রাস্তায় ট্রাফিক পুলিশ ও পুলিশ ফোর্স মোতায়েন, ইভটিজিং বন্ধ করা, ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে চেয়ারম্যান ও মেম্বারদের সমন্বয়ে তদারকি কমিটি গঠন, মেডিকেল টিম গঠণ, প্রতিটি পূজা মন্ডপে পুলিশ ও আনসারের পাশাপাশি গ্রাম পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতিমা বিসর্জনের সময় অতিরিক্ত পুলিশ ফোর্স মোতায়েন এবং মেডিকেল টিম গঠন ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

জনাব সুখরঞ্জন রায়, সভাপতি, বরগুনা সদর উপজেলা পূজা উদযাপন কমিটি, বরগুনা সভায় জানান যে, বরগুনা সদর উপজেলায় প্রতি বছরের ন্যায় এ বছরও ২৩ টি পূজা মন্ডপে দুর্গাপূজা উদযাপন হবে। ইতোমধ্যে পূজা উদযাপন কমিটি সকল মন্দির সরেজমিনে পরিদর্শন করেছেন এবং মন্দিরগুলোর সভাপতি/ সম্পাদকের সাথে নিজস্ব স্বেচ্ছাসেবক দল গঠনের পরামর্শ দেয়া হয়েছে এবং সরকারের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রতিমা বিসর্জনের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি তিনি প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সার্বিক সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা সভায় বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এখানে সকল ধর্মের-বর্ণের মানুষের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক রয়েছে। তেমনি রয়েছে পারস্পরিক আস্থা। ইতোপূর্বে সকল ধর্মের ধর্মীয় অনুষ্ঠানসমূহ পারস্পরিক সম্প্রীতি বজায় রেখে উদযাপিত হয়েছে। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ ও ডেঙ্গু এর চলমান পরিস্থিতিতে রাষ্ট্রীয় সিদ্ধান্তসমূহ যথযতভাবে প্রতিপালন করে স্বাস্থ্যবিধি মেনে আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৩ উদযাপনে সকলে মিলেমিশে শান্তি শৃঙ্খলা বজায় রেখে উদযাপন করার জন্য আশাবাদ ব্যক্ত করেন।

অফিসার ইনচার্জ, বরগুনা থানা সভায় বলেন যে, বরগুনা সদর উপজেলার ২৩ টি পূজা মন্ডপে আইন-শৃংখলা রক্ষার্থে পুলিশে মোবাইল টিম কাজ করবে। তাছাড়াও পুলিশ মনিটরিং টিম পূজা মন্ডপগুলো সার্বিক মনিটরিং করবেন। তিনি সভায় পূজা উদযাপন কমিটির সভাপতি/ সম্পাদকদের মোবাইল নম্বরসমূহ পূজা চলাকালীন সময়ে সচল রাখার জন্য অনুরোধ করেন। তাছাড়া যেকোন ধরনের সমস্যা হলে পুলিশ বিভাগকে সাথে সাথে জানানোর জন্য অনুরোধ করেন। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে সার্বিক সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা সভায় বলেন যে, হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গা পূজা এবং বরগুনা সদর উপজেলায় এ উৎসব শান্তিপূর্ণভাবে প্রতিবছরই অনুষ্ঠিত হয়ে আসছে। আমি আশা করি এ বছরও শান্তিপূর্ণভাবে আমরা সকলে মিলে এ উৎসব পালন করবো। তিনি পূজা মন্ডপের দায়িত্বে সভাপতি/ সম্পাদকদের ছোটখাট সমস্যাবলী স্থানীয়ভাবে সমাধান করার জন্য অনুরোধ করেন।

ভাইস-চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ,বরগুনা সদর, বরগুনা সভায় বলেন যে, হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গা পূজা এবং বরগুনা সদর উপজেলায় এ উৎসব শান্তিপূর্ণভাবে প্রতিবছরই অনুষ্ঠিত হয়ে আসছে। আমরা আশা করি এ বছরও শান্তিপূর্ণভাবে আমরা সকলে মিলে এ উৎসব পালন করবো এবং পুজামন্ডপ গুলোতে নিজেদের মধ্যে হতে স্বেচ্ছাসেবক নিয়োগ করার জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দদেরকে অনুরোধ করেন।

সভায় উপস্থিত সদস্যদের আলোচনা ও মতামতের পরিপ্রেক্ষিতে দূর্গাপূজা ২০২৩ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত:**

০১. কোভিড-১৯ ও ডেঙ্গু এর কারণে রাষ্ট্রীয় সিদ্ধান্ত অনুয়ায়ী স্বাস্থ্য বিধি প্রতিপালন সাপেক্ষে বরগুনা সদর উপজেলায় এ বছর মোট ৩০ পূজা মন্ডপে দুর্গাপূজা উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. পূজা মন্ডপের আইন-শৃঙ্খলা রক্ষার বিষয়ে ইউনিয়ন পর্যায়ের আইন শৃঙ্খলা কমিটি সভা আহ্বান করে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তার ইউনিয়নে একটি তদারকি কমিটি করবেন। এতে সংরক্ষিত/ সাধারণ আসনের সদস্যগণ, ইউনিয়ন রাজনৈতিক দলের সভাপতি, সমাজসেবক ব্যক্তি, ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার সদস্য এবং ইউনিয়ন পরিষদ সচিবকে সদস্য সচিব মনোনীত করে কমিটি গঠন করবেন।

০৩. প্রতিটি পূজা মন্ডপে সংশ্লিষ্ট ওয়ার্ডের জনপ্রতিনিধির নেতৃত্বে স্থানীগন্যমান্য ব্যক্তি ও গ্রামপুলিশকে সম্পৃক্ত করে তদারকি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত। পূজামন্ডপ ভিত্তিক তদারকি কমিটির একটি কপি এ কার্যালয়ে জমাদানের জন্য সকল পূজা মন্ডপের সভাপতি/সম্পাদক গনকে অনুরোধ করা হলো।

০৪. ইউপি চেয়ারম্যানগণ প্রতিটি পূজামন্ডপে গ্রাম পুলিশ মোতায়েনের ব্যবস্থা করবেন।

০৫. পূজামন্ডপে নিরাপত্তার ক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি পূজা উদযাপন কমিটিতে নিজস্ব ব্যবস্থাপনায় সার্বিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং স্বেচ্ছাসেবকদের ও পূজা কমিটির সদস্যদের তালিকা সংশ্লিষ্ট থানায় দিতে হবে। এছাড়াও স্বেচ্ছাসেবক, পূজা কমিটি ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মোবাইল ফোন নম্বর পরস্পরকে দিতে হবে এবং দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখার ব্যবস্থা করা।

০৬. প্রতিটি পূজামন্ডপে নিরাপত্তার ক্ষেত্রে পুলিশের মোবাইল টিম টহল অবস্থায় থাকবে।

০৭. প্রতিটি পূজা মন্ডপে সার্বিক নিরাপত্তার ক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি আনছার সদস্য মোতায়ন থাকবে।

০৮. পূজামন্ডপে প্রতিমা নির্মাণ থেকে শুরু করে প্রতিমা বিসর্জন পর্যন্ত প্রতিমার নিরাপত্তায় নিয়োজিত স্বেচ্ছাসেবকদের কর্মতৎপরতা মনিটরিং করার জন্য প্রতিটি পূজামন্ডপে রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

৯. নিয়োজিত স্বেচ্ছাসেবকগন নির্ধারিত ব্যচ/ পোশাক পরিহিত এবং বড় ছবিযুক্ত আইডি কার্ড গলায় ঝুলানো থাকবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।

১০. পূজা মন্ডপগুলোতে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। আলোকসজ্জা পরিহার করে বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে সংশ্লিষ্ট পূজা কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিদ্যুতের বিকল্প হিসেবে নিজস্ব ব্যবস্থাপনায় জেনারেটর অথবা হ্যাজাক লাইট এর ব্যবস্থা করতে হবে।

১১. পূজা মন্ডপে নারী ও পুরুষের পৃথক যাতায়াত ব্যবস্থা রাখা, স্যানিটাইজার/সাবান পানি দিয়ে হাত ধৌয়ার ব্যবস্থা রাখা, দর্শনার্থীসহ সকলের শরীরের তাপমাত্র/ জ্বর মাপার জন্য থার্মাল যন্ত্র ব্যবহার করা এবং কোন অবস্থাতেই জনসমাগমের কারণে সরকারের স্বাস্থ্য সুরক্ষা বিধি উপেক্ষিত না হয় সে বিষয়ে সর্তক থাকা।

১২. সর্দি,কাশি, জ্ব বা শ্বাসকষ্ঠ নিয়ে কেউ যেন পূজা মন্ডপে প্রবেশ না করে তা নিশ্চিত করার হাচি বা কাশির সময় টিস্যু,রুমাল বা কনুই দিয়ে নাক ও মুখ ঢাকা ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত ডাস্টবিনের ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩. কোনরূপ সন্ত্রাসী কার্যকলাপ বা জঙ্গিতৎপরতা পরিলক্ষিত হয়ে থাকলে বা অপরিচিত লোকদের আনাগোনা পরিলক্ষিত হলে সাথে সাথে তা আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে। অপরিচিত বা সন্দেহভাজন ব্যক্তিদের ব্যাগ তল্লাশীর

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অজ্ঞান পার্টির অপতৎপরতা বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বরগুনা থানাকে অনুরোধ করা হয়।

১৫. বখাটে ছেলেরা যাতে মেয়েদের বিরক্ত না করতে পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক দৃষ্টি রাখবে এবং মেয়েদের পোশাক পরিচ্ছদ ও চলাফেলার শালীনতা বজায় রাখার জন্য অভিভাবকগণ সতর্ক দৃষ্টি রাখবেন।

১৬. আযান ও নামাজের সময় মাইক ও সকল প্রকার বাদ্যযন্ত্র বাজানো বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। পূজা উপলক্ষে সকল ধর্মাবলম্বীকে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য অনুরোধ করা হয়।

১৭. এ ছাড়া পৌর এলাকায় অবস্থিত পূজামন্ডপে সংশ্লিষ্ট পৌর মেয়র তাদের ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবক মোতায়েনসহ সার্বিক সহযোগিতা প্রদান নিশ্চিত করবেন।

১৮. ডেঙ্গু পরিস্থিতিতে আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপনে ধর্মীয় আচার অনুষ্ঠান যথাযতভাবে পালন করা, অন্যান্য উৎসব সীমিত পরিসরে আয়োজন করা এবং প্রকার মেলা আয়োজন করা থেকে বিরত থাকা।

১৯. উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়ে একটি নিয়ন্ত্রণ কক্ষ খোলা সিদ্ধান্ত হয়। নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর- ০২৪৭৮৮৮৬২১৬

২০. যে সকল মন্দিরগুলোর যাতায়াত ব্যবস্থা খুবই খারাপ সেগুলো পূজা শুরু হওয়ার আগেই জরুরি ভিত্তিতে সাময়িকভাবে চলাচলের উপযোগী করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং পরবর্তীতে উপজেলা পরিষদে সংশ্লিষ্ট রাস্তার স্কিম দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২১.শারদীয় দুর্গাপূজা যথাযথ মর্যাদা ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে পূজা মন্ডপ গুলোতে সার্বিকভাবে দায়িত্ব পালনের জন্য স্ব-স্ব ইউনিয়নে নিয়োজিত ট্যাগ অফিসারগণ নিয়োগ করা হবে।

২২. বিজয়াদশমীতে প্রতিমা বিসর্জনকালে শোভাযাত্রার আয়োজন না করা, অধিক সংখ্যাক লোক সমাগম না করা, স্থানীয়ভাবে পূজা মন্ডপের পার্শে উপযুক্ত স্থানে প্রতিমা বিসর্জনের আয়োজন করা এবং বিসর্জন স্থলে পর্যাপ্ত আলোর ব্যবস্থা ও অগ্নি নির্বাপক ব্যবস্থা রাখা।

২৩. প্রতিটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপণের সিদ্ধান্ত গৃহীত হয়। স্ব স্ব পূজা মন্ডপ কর্তৃপক্ষ নিজস্ব ব্যবস্থপনায় সিসিটিভি ক্যামেরা স্থাপণের ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪. শারদীয় দুর্গাপূজা যথাযথ মর্যাদা ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে সার্বিক কার্যক্রম তদারকির জন্য উপজেলা পর্যায়ে নিম্নরূপভাবে একটি মনিটরিং কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২৫. ডেঙ্গু প্রতিরোধে পূজা মন্ডপের চতুর্দিকে পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা ও ব্লিচিং পাউডার ছিটানোসহ লোকজনের সচেতনতা বৃদ্ধিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বদরখালী থেকে আয়লা-পাতাকাটা ইউনিয়ন মনিটরিং করবেন</u>

| | |
|---|---|
| ক) উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান, বরগুনা সদর, বরগুনা | - আহ্বায়ক |
| খ) অফিসার ইন-চার্জ (তদন্ত), বরগুনা থানা | - সদস্য |
| গ) উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা | - সদস্য |
| ঘ) উপজেলা সমবায় কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা | - সদস্য |
| ঙ) সভাপতি, উপজেলা পূজা উদযাপন কমিটি, বরগুনা | - সদস্য |

<u>বুড়িরচর থেকে নলটোনা ইউনিয়ন মনিটরিং করবেন</u>

| | |
|---|---|
| ক) উপজেলা ভাইস-চেয়ারম্যান, বরগুনা সদর, বরগুনা | - আহ্বায়ক |
| খ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরগুনা সদর, বরগুনা | - সদস্য |
| গ) উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা | - সদস্য |
| ঘ) ব্যাপস্থাপক, আমার বাড়ি আমার খামার, বরগুনা সদর, বরগুনা | - সদস্য |
| ঙ) সম্পাদক, উপজেলা পূজা উদযাপন কমিটি, বরগুনা | - সদস্য |

২৬. শারদীয় দুর্গাপূজা যথাযথ মর্যাদা ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি তদারকির জন্য উপজেলা পর্যায়ে নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | |
|---|---|
| ক) অফিসার ইন-চার্জ, বরগুনা থানা, বরগুনা | - আহ্বায়ক |
| খ) উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা | - সদস্য |



CamScanner

গ) উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা - সদস্য

ঘ) সভাপতি, জেলা পূজা উদযাপন কমিটি, বরগুনা - সদস্য

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে শারদীয় দুর্গাপূজার আগাম শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: শাহীন মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
বরগুনা সদর, বরগুনা
ফোন: ০৪৪৮-৬২৬৪৯
unobarguna@mopa.govbd

বিতরণ:

কার্যার্থে:

..................................

..................................

স্মারক নং-০৫.১০.০৪২৮.০০৪.০১.০০২.১৯- ৮৬৯৫

তারিখ: ২৪ আশ্বিন, ১৪৩০ / ০৯ অক্টোবর,২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জন্য প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১০৯, বরগুনা-১।
০২. জেলা প্রশাসক, বরগুনা ।
০৩. পুলিশ সুপার, বরগুনা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
০৫.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,বরগুনা সদর,বরগুনা।
০৬.উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরগুনা সদর, বরগুনা।
০৬. ভাইস-চেয়ারম্যান, পুরুষ/মহিলা,উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
০৭. উপ-সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরগুনা।
০৮. অফিসার-ইনচার্জ, বরগুনা থানা, বরগুনা ।
০৯. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
১০. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বরগুনা সদর, বরগুনা।
১১. অফিসার,-------------------------- ইউনিয়ন পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
১২. অফিস কপি।

E:\2017\Puja.docx30